ভারত-পাকিস্তান সীমান্তে বিএসএফের গুলিতে নিহত ২

ছবি: সংগৃহীত

ভারত-পাকিস্তান আন্তর্জাতিক সীমান্তের কাছে বিএসএফের গুলিতে দুই পাকিস্তানি নাগরিক নিহত হয়েছেন। এ ঘটনায় আরও একজন আহত হয়েছেন বলে খবর প্রকাশ করেছে ভারতীয় গণমাধ্যম।

শুক্রবার পাঞ্জাবের কাসুর জেলার তিন বাসিন্দা সীমান্তের একটি স্তম্ভের কাছাকাছি গেলে তাদের ওপর গুলি চালানো হয় বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। ভারতীয় সংবাদমাধ্যম ঘটনাটিকে অনুপ্রবেশের চেষ্টা হিসেবে বর্ণনা করেছে।

তবে পাকিস্তানি সূত্রগুলোর দাবি, নিহত ও আহত তিনজনই নিরস্ত্র ছিলেন এবং তাদের কেউ সীমান্তের কাঁটাতারের বেড়া পার হওয়ার চেষ্টা করেননি। সীমান্ত স্তম্ভ থেকে কয়েক পা এগোনোর পরই তাদের লক্ষ্য করে কোনো সতর্কতা ছাড়াই গুলি চালানো হয় বলে সূত্রগুলোর দাবি।

ঘটনাটি নিয়ে ভারত বা পাকিস্তান সরকারের পক্ষ থেকে এখন পর্যন্ত নিশ্চিত কোনো বক্তব্য পাওয়া যায়নি।

LENS ASIA